



## মিরপুর ডিওএইচএসে অভিনেতা আলভীর স্ত্রীর আত্মহত্যা



সংগৃহীত ছবি

অভিনেতা জাহের আলভীর স্ত্রী ইকরা আত্মহত্যা করেছেন বলে জানিয়েছে তার শ্বশুরবাড়ির পরিবার। বিষয়টি গণমাধ্যমকে নিশ্চিত করেছেন পরিবারের এক সদস্য। পরিবারের ঘনিষ্ঠ এক স্বজন, যিনি নাম প্রকাশ করতে চাননি, জানান—দুপুর প্রায় দেড়টার দিকে রাজধানীর মিরপুর ডিওএইচএস এলাকার একটি বাসায় ঘটনাটি ঘটে। খবর পেয়ে স্বজনরা দ্রুত যোগাযোগের চেষ্টা করেন।

এ সময় অভিনেতা আলভী দেশের বাইরে ছিলেন। ঈদের একটি নাটকের শুটিংয়ে তিনি বর্তমানে নেপালে অবস্থান করছেন। ‘দেখা হলো নেপালে’ শিরোনামের নাটকের কাজ নিয়ে ব্যস্ত থাকার মধ্যেই স্ত্রীর মৃত্যুসংবাদ পান তিনি। মেসেঞ্জারে যোগাযোগ করা হলে তিনি অনুরোধ করেন, বিষয়টি নিয়ে তাত্ক্ষণিকভাবে কিছু প্রকাশ না করতে, কারণ তিনি মানসিকভাবে কথা বলার অবস্থায় নেই।

ইকরার চাচা বিপু খান জানান, তিনি তখন ময়মনসিংহের ভালুকায় ছিলেন। সংবাদ শোনার পর সেখান থেকে পরিবারের সদস্যদের নিয়ে ঢাকার উদ্দেশ্যে রওনা দেন। উল্লেখ্য, ২০১০ সালের ৯ নভেম্বর ভালোবেসে ইকরাকে বিয়ে করেন আলভী। তাদের সংসারে একটি পুত্রসন্তান রয়েছে।